# বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

## উপজেলা পরিষদ, পাটগ্রাম , লালমনিরহাট।

উপদেষ্টা
বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোতাহার  হোসেন, এম পি
মাননীয় সংসদ সদস্য, ১৬, লালমনিরহাট-১।

সার্বিক সহযোগিতায়
জনাব মোঃ রুহুল আমীন বাবুল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।

জনাব মোঃ মোফাজ্জল হোসেন লিপু
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।

জনাবা মোছাঃ লতিফা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।

সম্পাদনায়
জনাব মোঃ নাজমুল হক সুমন
উপজেলা নির্বাহী অফিসার
পাটগ্রাম, লালমনিরহাট।

কারিগরী সহযোগিতায়
পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরী দল (টিজিপি), উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহোরণ বিষয়ক উপজেলা কমিটি (ইউসিএফবিপিএলআরএম), উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।
সালমান জাহাঙ্গীর, জেলা সমন্বয়ক, উপজেলা ইন্টিগ্রেটেড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, স্থানীয় সরকার বিভাগ।

ডিজাইন
সুমন দাস
সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর
উপজেলা পরিষদ, পাটগ্রাম,, লালমনিরহাট।

মুদ্রণে

গ্রন্থস্বত্ব
উপজেলা পরিষদ, পাটগ্রাম,, লালমনিরহাট।

প্রকাশকাল
জুলাই, ২০২২।

**মোঃ আবু জাফর**
**জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট**
**লালমনিরহাট।**

## বাণী

স্থানীয় পর্যায়ে জনগণকে সেবা প্রদান ও জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে উপজেলা পরিষদ স্বাবলম্বী ও স্বায়ত্তশাসিত সরকার ব্যবস্থা হিসেবে কাজ করছে । একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় সেবামুখী স্থানীয় সরকার ব্যবস্থা গড়ে তুলতে উপজেলা পর্যায়ে সঠিক পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন করা প্রয়োজন। এক্ষেত্রে গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচিত উপজেলা পরিষদ স্থানীয় জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে স্থানীয় চাহিদার সাথে সামঞ্জস্য রেখে প্রণীত উন্নয়ন পরিকল্পনা ও এর সঠিক বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। জনগণের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ, উন্নয়ন পরিকল্পনা ও এর বাস্তবায়ন একসূত্রে একটি চক্র হিসেবে কাজ করলে টেকসই উন্নয়ন নিশ্চিত করা সম্ভব।

১৯৭১ সালের মহান স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সকল বৈষম্য দ,র করে সোনার বাংলা গড়ার প্রত্যয়ে ১৯৭৩ সালে ১ম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেছিলেন। তাঁরই দেখানো পথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের বর্তমান সরকার জাতীয় পর্যায়ে "প্রেক্ষিত পরিকল্পনা-২০২১" বাস্তবায়ন করে চলেছে এবং ২১০০ সাল পর্যন্ত শতবর্ষ মেয়াদি ব-দ্বীপ পরিকল্পনা প্রণয়ন করে তার অধীনে সমন্বিতভাবে ২০৩০ সালে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জন ও ২০৪১ সালে মধ্যে উন্নত দেশে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করেছে।জাতীয় পর্যায়ের পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে স্থানীয় সরকার পর্যায়ে বিভিন্ন মেয়াদি পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।

লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলা পরিষদ তাদের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি আশা করি পাটগ্রাম উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও এর বাস্তবায়নে বাংলাদেশের সকল উপজেলার মাঝে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপনে সক্ষম হবে। স্থানীয় সরকার বিভাগ ও উপজেলা ইন্টিগ্রেটেড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের (ইউআইসিডিপি) কারিগরি সহযোগিতায় পাটগ্রাম উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২২-২৩) প্রণয়নের উদ্যোগকে স্বাগত জানাচ্ছি এবং উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারী সময়, শ্রম ও মেধা দিয়ে অবদান রেখেছেন তাঁদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

(মোঃ আবু জাফর)

**মোঃ রফিকুল ইসলাম**
**উপ-পরিচালক**
**স্থানীয় সরকার**
**লালমনিরহাট।**

**বাণী**

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে উপজেলা পরিষদ একটি গুরুত্বপূর্ণ স্তর। উপজেলা পরিষদকে একটি কার্যকর ও শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করতে ২০১১ সালে মহান জাতীয় সংসদে উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ পাশ করা হয়। বর্তমান সরকার উপজেলা পরিষদকে আরো গতিশীল ও জনস্পৃক্ত প্রতিষ্ঠানে পরিণত করতে উন্নয়ন সহযোগীদের নিয়ে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা ইন্টিগ্রেটেড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের(ইউআইসিডিপি) লক্ষ্য হচ্ছে উপজেলা পরিষদ কর্তৃক অধিকতর প্রশাসনিক সক্ষমতার সাথে উপজেলার উন্নয়ন কার্যক্রম ও পরিষেবা বাস্তবায়ন করা। ইতোমধ্যে এই প্রকল্পের উদ্যোগে ‘উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা, ২০২১’ প্রণয়ন করা হয়েছে যা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। এই নির্দেশিকা অনুসরণ করে পাটগ্রাম উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। মূলত একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে জনগণ, জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ এলাকার সমস্যা সমাধানে সম্মিলিতভাবে কাজ করবে যার ফলে সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হবে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের দক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও গণতন্ত্রের চর্চা বৃদ্ধি পাবে। এর মাধ্যমে উন্নয়ন আরো টেকসই ও গতিশীলতা পাবে।

পাটগ্রাম উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩ প্রণয়নের অভিজ্ঞতা কাজে লাগিয়ে বাংলাদেশের অন্যান্য উপজেলা পরিষদ তাদের উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে এগিয়ে আসবে বলে বিশ্বাস করি। পাটগ্রাম উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা ২০২১-২২ প্রণয়নের উদ্যোগকে স্বাগত জানাই এবং এর সাথে উপজেলা পরিষদ ও প্রশাসনের যে সকল জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারী সময়, মেধা ও শ্রম ব্যয় করেছেন তাদের জানাই আন্তরিক ধন্যবাদ।

(মোঃ রফিকুল ইসলাম)

**মোঃ রুহুল আমীন বাবুল**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ**
**পাটগ্রাম, লালমনিরহাট।**

**বাণী**

স্বাধীন বাংলাদেসের স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালী করে সত্যিকালের সোনার বাংলা গড়তে চেয়েছিলেন। তারই দেখানো পথে বঙ্গাবন্ধু কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা জনপ্রত্যাশা পুরণের লক্ষ্যে ২০০৯ সালে পুনরায় উপজেলা পরিষদ ব্যবস্থা কার্যকর করেন এবং উপজেলা পরিষদের পরিচালন ব্যবস্থার উন্নয়নে অদ্যবধি বিভিন্ন আইনি দলিল ও বিধিমালা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করেছেন।

উপজেলা পরিষদ বাংলাদেশের নবীনতম স্থানীয় সরকার প্রতিষ্ঠান যেখানে রয়েছে স্থানীয় সমস্যার সাথে পরিচিত জনগণের ভোটে নির্বাচিত জনপ্রতিনিধি ও জাতিগঠনমূলক সরকারি প্রতিষ্ঠানের পেশাগত কাজে পারদর্শী বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ । এই দু'য়ের সমন্বয়ে গঠিত উপজেলা পরিষদের আছে জনগণের চাহিদামাফিক সেবা দেয়ার অপার সম্ভাবনা। উপজেলার নিজস্ব তহবিল, সরকারি অনুদান ও বিভিন্ন প্রতিষ্ঠানের সম্পদ ও কার্যক্রমসমূহ একই পরিকল্পনার অধীনে নিয়ে আসা জনগণকে সর্বোত্তম সেবা প্রদান করা সম্ভব হবে। পাশাপাশি দৃশ্যমান ও টেকসই উন্নয়ন নিশ্চিত করে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রূপান্তরিত হওয়ার লক্ষ্যমাত্রা অর্জনের পথে সহায়ক হবে।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা ইন্টিগ্রেটেড ক্যাপাসিটি ডেভেলপমেন্টের কারিগরি সহায়তায় পাটগ্রাম উপজেলা ২০২২-২৩ অর্থবছরের জন্য এক বছর মেয়াদী একটি বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেছে। পরিকল্পনা প্রণয়নে উপজেলার সকল বিভাগ, কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ, এনজিও সহ পরিকল্পনা প্রণয়নের সাথে জড়িত সকলকে আমি উপজেলা পরিষদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এবং এই পরিকল্পনা দ্রুততম সময়ে বাস্তবায়িত হয়ে জনগণের জীবনমানের উন্নয়নে ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করছি।

(মোঃ রুহুল আমীন বাবুল)

**মোঃ নাজমুল হক সুমন**
**উপজেলা নির্বাহী অফিসার**
**পাটগ্রাম, লালমনিরহাট।**

## সম্পাদকীয়

গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় জনগণের অংশগ্রহণের মাধ্যমে উন্নয়ন পরিকল্পনার প্রণয়ন ও বাস্তবায়ন জনগণের জীবনযাত্রায় মানোন্নয়নে ভূমিকা রাখে। উন্নয়ন পরিকল্পনা হলো সকল উন্নয়নের কেন্দ্রবিন্দু। এই বিষয়টি উপলব্ধি করে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জনের লক্ষ্যে ২০২১ সাল পর্যন্ত "ভিশন ২০২১" প্রণয়ন করে বাস্তবায়ন করেছে এবং তারই ধারাবাহিকতায় উন্নত দেশে রূপান্তরের লক্ষ্যে "ভিশন ২০৮১" প্রণয়ন করে বাস্তবায়ন করছে। সরকার জাতীয় পর্যায়ের পরিকল্পনার সাথে সংগতি রেখে স্থানীয় সরকার প্রতিষ্ঠান পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়নের  উপর গুরুত্বারোপ করছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে তাই উপজেলা পরিষদের পরিকল্পনা প্রণয়নের নৈতিক ও আইনি বাধ্যবাধকতা রয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ব্যবহার করে উপজেলা পর্যায়ে পঞ্চবার্ষিক ও প্রতি বছর বার্ষিক পরিকল্পনা প্রণয়নের বিষয়ে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধিত ২০০৯ ও ২০১১) এ উল্লেখ আছে। এই আইনের আওতায় উপজেলা পরিষদের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য ১৩ টি বিধিমালা ও উপজেলা পরিষদ ম্যানুয়াল, ২০১৩ প্রণয়ণ করা হয়েছে। পাশাপাশি উপজেলা পর্যায়ে উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা নির্দেশিকা, ২০২১ প্রণয়ন করা হয়েছে। এসব আইন, বিধিমালা প্রণয়নের ফলে এবং তার যথাযথ অনুসরণ কার্যকর হলে স্থানীয় পর্যায়ে সুশাসন ও জনকল্যাণ নিশ্চিত হবে।

পাটগ্রাম উপজেলা বাংলাদেশের উত্তরাঞ্চলের সীমান্তবর্তী একটি উপজেলা। এই বৃহৎ উপজেলার জনগণের স্থানীয় চাহিদা পূরণ, জনপ্রতিনিধি ও সরকারি-বেসরকারি বিভাগসমূহের মধ্যে সমন্বয় সাধন করে জনবান্ধব উন্নয়ন নিশ্চিতকল্পে উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন বিষয়ক নির্দেশিকা ২০২১ অনুসরণ করে ২০২২-২৩ অর্থবছরের জন্য একটি বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেছে। এই পরিকল্পনায় উপজেলার জনগণের চাহিদার প্রতিফলন ঘটানোর চেষ্টা করা হয়েছে যার সঠিক বাস্তবায়ন তাদের জীবনমানের উন্নয়নে সহায়তা করবে বলে আমি বিশ্বাস করি। উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সাথে জড়িত সবাইকে আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং প্রণীত পরিকল্পনার সঠিক বাস্তবায়ন ও সর্বোত্তম ফলাফল কামনা করছি।

(মোঃ নাজমুল হক সুমন)

## সূচিপত্র


| শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ ভূমিকা | ৮ |
| ২. উপজেলার আর্থ-সামাজিক তথ্য ও উপাত্ত | ১০ |
| ৩. বিভিন্ন উৎস হতে উপজেলায় পরিচালিত উন্নয়ন কার্যক্রম | ১১ |
| ৪. উপজেলার বিভিন্ন খাতের পরিস্থিতি বিশ্লেষণ | ১৫ |
| ৫. উপজেলার বাজেট ২০২২-২৩ অর্থবছরের বাজেটের সার-সংক্ষেপ | ২৩ |
| ৬. রূপকল্প | ২৪ |
| ৭. বার্ষিক পরিকল্পনার খাতওয়ারী লক্ষ্য, উদ্দেশ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ | ২৪ |
| ৮. উপজেলা প্রকল্প সারসংক্ষেপ | ২৬ |
| ৯. পরিবীক্ষণ ও মূল্যায়ন পরিকল্পনা | ৪৩ |

| | |
|---|---|
| চিত্র ১ঃ উপজেলার মানচিত্র | ৯ |

| | |
|---|---|
| ছক ১ ঃ উপজেলার বিভিন্ন আর্থ-সামাজিক তথ্য ও উপাত্ত | ১০-১১ |
| ছক ২ ঃ উপজেলায় বিভিন্ন উৎস হতে পরিচালিত উন্নয়ন কার্যক্রম | ১২-১৪ |
| ছক ৩ ঃ উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন | ১৫- ২২ |
| ছক ৪ ঃ উপজেলার বাজেট ২০২২-২৩ অর্থবছরের বাজেটের সার-সংক্ষেপ | ২৩ |
| ছক ৫ ঃ বার্ষিক পরিকল্পনার খাতওয়ারী লক্ষ্য, উদ্দেশ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ | ২৪-২৫ |
| ছক ৬ ঃ উপজেলা প্রকল্প সারসংক্ষেপ | ২৬-৪২ |
| ছক ৭ ঃ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সময় কাঠামো ও পর্যালোচনা চক্র | ৩৭ |

## ১। ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৯ অনুচ্ছেদে বলা হয়েছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জনসেবা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন ২০০৯ ও সংশোধনী ২০১১) এর ধারা ৪২ এ স্পষ্ট করে বলা হয়েছে যে, উপজেলা পরিষদকে পঞ্চ-বার্ষিক পরিকল্পনা ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে। উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ ধারা ১৩ তে বলা হয়েছে যে,বাজেটে উন্নয়ন প্রকল্পের বরাদ্দ বা খাতসমুহ পঞ্চ বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনার নিরিখে করতে হবে এবং পরিকল্পনা বইয়ে অন্তর্ভুক্ত নাই এমন নতুন প্রকল্পে বাজেট বরাদ্দ রাখা যাবে না। আইনগত কাঠামোতে আরো সুপারিশকরা হয়েছে যে, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে রেখে বার্ষিক পরিকল্পনার রূপকল্প, খাতভিত্তিক অধিকতর সুনির্দিষ্ট লক্ষ্য এবং প্রত্যাশিত ফলাফলের আলোকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অধিকতর সুনির্দিষ্ট লক্ষ্য, উদ্দেশ্য এবং অর্জন করা সম্ভব এমন টার্গেট বার্ষিক পরিকল্পনায় বর্ণিত থাকবে। এতে কর্মসূচির ইপ্সিক ফলাফল ও বাস্তবায়ন কৌশল ও উল্লেখ থাকবে।

প্রাথমিকভাবে উপজেলা পরিষদের দায়িত্ব হচ্ছে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। পাটগ্রাম উপজেলার জন্য বার্ষিক পরিকল্পনা ২০২০-২১ প্রনয়নে উপজেলা পরিষদ মুখ্য ভুমিকা পালন করেছে। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আরোহন বিষয়ক উপজেলা কমিটি, পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটির সহায়তায় খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব পালন করেছে।প্রকল্প নির্বাচনের জন্য প্রকল্প নির্বাচন কমিটি (পিএসসি) দায়িত্ব পালন করেছে । বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩ প্রনয়ন এপ্রিল''২০২২ হতে শুরু হয়ে বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরন করে জুলাই'২২ এ খসড়া উপজেলা পরিষদে অনুমোদিত হয়।

পাটগ্রাম উপজেলার বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে যেমনঃ উপজেলার পরিচিতি ও মানচিত্র, আর্থসামাজিক তথ্য ও উপাত্ত, বাজেটের সারসংক্ষেপ, পরিস্থিতি বিশ্লেষন, রূপকল্প ও বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য, অভীষ্ট । এছাড়াও অন্তর্ভুক্ত আছে প্রকল্প সারসংক্ষেপ ও পরিবীক্ষন ও মূল্যায়ন পরিকল্পনা। উপজেলার মানচিত্র, আর্থসামাজিক তথ্য ও উপাত্ত একনজরে উপজেলা সম্পর্কে ধারনা প্রদান করে এবং বিভিন্ন আর্থ-সামাজিক সূচকে উপজেলার পরিস্থিতি ব্যাখ্যা করে। পরিস্থিতি বিশ্লেষণের উপর ভিত্তি করে উপজেলাসমূহ তাদের রূপকল্প, ২০২২-২৩ অর্থবছরে অগ্রাধিকারপ্রাপ্ত খাতের লক্ষ্য এবং পরিমাপযোগ্য সূচকসহ প্রত্যাশিত ফলাফল নির্ধারণ করেছে । উপজেলাতে উন্নয়ন কার্যক্রমের জন্য প্রাপ্ত সকল সম্পদ বিবেচনা করার মাধ্যমে প্রত্যেক উপজেলা পরিষদ উপজেলায় বাস্তবায়িত সকল উন্নয়নমূলক প্রচেষ্টাসমূহের মধ্যে সমন্বয় এবং পরিপূরকতা বজায় রাখার পাশাপাশি উন্নয়ন কার্যক্রমগুলোর মধ্যে কোন দ্বৈততা থাকলে তা পরিহার করতে পারবে। এভাবে উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনাতে উন্নয়ন তহবিলের সর্বোত্তম ব্যবহারের চেষ্টা করতে পারে যা পরবর্তীতে উন্নয়নের ক্ষেত্রে সর্বাধিক ফলাফল এবং প্রভাব নিশ্চিত করতে সক্ষম হবে। এ লক্ষ্যে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে উপজেলা পরিষদ, এনবিডি এবং ইউনিয়ন সমূহের সমন্বয়ের অংশ হিসেবে বিভিন্ন উৎস থেকে প্রয়োজনীয় অর্থনৈতিক তথ্য-উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে উন্নয়ন বরাদ্দকে চিহ্নিত করা হয়েছে। বার্ষিক পরিকল্পনার লক্ষ্য নির্ধারণের ক্ষেত্রে পাটগ্রাম উপজেলা পরিস্থিতি বিশ্লেষণের ভিত্তিতে চারটি (০৪) খাতের উপর গুরুত্বারোপ করেছে। বার্ষিক পরিকল্পনার প্রতিটি লক্ষ্যের জন্য প্রত্যাশিত ফলাফল নির্ধারণ করা হয়েছে। উন্নয়ন উদ্যোগ গ্রহণের ফলে সৃষ্ট পরিবর্তনই ফলাফল। একটি ফলাফল সাধারনত ফলাফল বিবরনী দ্বারা পরিমাপযোগ্য সূচকের সাহায্যে প্রকাশ করা হয়। রূপকল্প, পঞ্চ বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, ফলাফল এবং পরিমাপযোগ্য সূচক নির্ধারণের মাধ্যমে উপজেলা পরিষদ তার ২০২২-২৩ অর্থবছরের অগ্রাধিকারসমূহ ঠিক করেছে এবং প্রকল্প সারসংক্ষেপ তৈরী করেছে।। প্রকল্প সার সংক্ষেপ প্রকল্পের অবস্থান, বিবরণ, প্রত্যাশিত উপকারভোগী, ও ব্যয় সম্পর্কে ধারনা দেয় যার ফলে প্রকল্পের প্রয়োজনীয়তা, বাস্তবায়নের সম্ভাবনা, ও বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করে দেয়া হয়েছে। পরিশেষে বার্ষিক পরিকল্পনার পরিবীক্ষন ও পর্যালোচনা, বার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে উপজেলার করণীয় নির্ধারণ করা হয়েছে।

চিত্র ১০ঃ পাটগ্রাম উপজেলার মানচিত্র



## ২.পাটগ্রাম উপজেলার আর্থ-সামাজিক তথ্য ও উপাত্ত

বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে জনসংখ্যা বিষয়ক এবং আর্থ-সামাজিক তথ্য ও উপাত্ত একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রতি বছর বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদকে যাচাই করে দেখতে হবে যে বার্ষিক পরিকল্পনা প্রণয়নের পরে তথ্য-উপাত্তের কোন পরিবর্তন হয়েছে কি না এবং হলে তা হালনাগাদ করতে হবে। বার্ষিক পরিকল্পনা প্রণয়নে তথ্য ও উপাত্তের গুরুত্বপূর্ণ উৎস হলো উপজেলা পরিষদ, উপজেলার বিভিন্ন বিভাগ ও ইউনিয়ন, জেলা পরিসংখ্যান ২০১১, হেলথ বুলেটিন পাটগ্রাম, ২০২১।

## উপজেলার পটভূমি

ব্রিটিশ আমলে ১৮৬৯ সালে পাটগ্রাম ভারতের বৃহত্তর জলপাইগুড়ি জেলার একটি থানা হিসেবে অন্তর্ভুক্ত হয়। এ সময় বোদা, ফকিরগঞ্জ ও সন্ন্যাসীকাটা থানার সাথে পাটগ্রাম থানাও জলপাইগুড়ি জেলাভূক্ত হয়, পরে ১৯৪৭ সালে দেশ বিভাগের কারণে পাটগ্রাম থানা পুনরায় রংপুরের সাথে সংযুক্ত হয়। পাটগ্রাম উপজেলার আয়তন ২৬১.৫১ বর্গ কিলোমিটার এবং লোকসংখ্যা ১,৯৩,১৪০ জন। এখানে থানা সদর প্রতিষ্ঠিত হয় ১৯০১ সালে।

পাটগ্রাম উপজেলাটি লালমনিরহাট জেলার উত্তর সীমান্তে তথা তিন দিকে পার্শ্ববর্তী দেশ ভারতের কুচবিহার রাজ্যের মাথাভাঙ্গা ও মেকলিগঞ্জ থানা দ্বারা বেষ্টিত, লালমনিরহাট জেলার ৫ম উপজেলা। উপজেলাটি হিমালয়ের পাদদেশ হতে বয়ে আসা তিস্তা, ধরলা, সানিয়াজান নদী দ্বারা প্রবাহিত কোলাহল মুক্ত শান্ত নিবির পরিবেশে অবস্থিত। অত্র উপজেলার মূল অংশটি ১ টি পৌরসভা এবং তিনবিঘা করিডোর সংযুক্ত দহগ্রাম ইউনিয়নসহ মোট ০৮ (আট) টি ইউনিয়ন নিয়ে গঠিত। ইউনিয়নসমূহ হলোঃ ০১। শ্রীরামপুর ২। পাটগ্রাম ৩। জগতবেড় ৪। কুচলীবাড়ী ৫। জোংড়া ৬। বাউরা ৭। দহগ্রাম ৮। বুড়িমারী।

**ছক ১০ঃ পাটগ্রাম উপজেলার আর্থ-সামাজিক তথ্য ও উপাত্ত**

| তথ্যের শ্রেণী | | বর্ণনা |
|---|---|---|
| উপজেলার আয়তন | ঃ | ২৬১ বর্গ কিলোমিটার |
| জন সংখ্যা | ঃ | ২,৪৫,৫১২ জন ( ২০১১) |
| ভোটার সংখ্যা | ঃ | ১,৩১,৯৫২ জন |
| প্রধান পেশা | ঃ | কৃষি (৭৭%) |
| প্রবৃদ্ধির হার | ঃ | ০৭% |
| ইউনিয়ন সংখ্যা | ঃ | ০৮ (আট) টি। |
| পৌরসভা | ঃ | ০১ (এক) টি। |
| হাট-বাজার | ঃ | ১৬ (ষোল) টি |
| মৌজার সংখ্যা | ঃ | এস.এ = ৪৫ টি ,আর.এস = ৪৭ টি |
| সরকারি মহাবিদ্যালয় | ঃ | ০২ (দুই) টি। |
| বেসরকারি মহাবিদ্যালয় | ঃ | ০৫ (পাঁচ) টি। |
| বেসরকারি কারিগরী মহাবিদ্যালয় | ঃ | ০৪ (চার) টি। |
| সরকারি উচ্চ বিদ্যালয় | ঃ | ০১ (এক) টি। |
| সিনিয়র মাদ্রাসা | ঃ | ০২ (দুই) টি। |
| দাখিল মাদ্রাসা | ঃ | ০৬ (ছয়) টি। |
| সরকারি প্রাথমিক বিদ্যালয় | ঃ | ১৩৬ (একশত ছত্রিশ) টি |
| এবতেদায়ী মাদ্রাসা | ঃ | ৩৬ (ছত্রিশ) টি। |
| স্বাস্থ্য সেবা (হাসপাতাল) | ঃ | ০২ টি ( দহগ্রামে ০১ টি) |
| ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | ঃ | ০৭ (সাত) টি। |
| মসজিদ | ঃ | ২৩০ টি। |
| মন্দির | ঃ | ২৯ টি। |
| বিলুপ্ত বাংলাদেশী ছিট মহল | ঃ | ২৯ টি |
| বিলুপ্ত ভারতীয় ছিট মহল | ঃ | ৫৫ টি (ভারতীয় ১১১ টি ছিট মহলের মধ্যে) |
| আশ্রয়ন প্রকল্প | ঃ | মহাম্মদপুর, ধবলসতি, রহমানপুর, কালীরহাট, মমিনপুর, ঝালঙ্গী |
| আবাসন প্রকল্প | ঃ | ০১ টি পশ্চিম জগতবেড় |
| গুচ্ছগ্রাম | ঃ | ক) ইসলামপুর গুচ্ছগ্রাম<br>খ) উফারমারা গুচ্ছগ্রাম।<br>গ) বাংলাবাড়ী গুচ্ছগ্রাম<br>ঘ) খেংটি গুচ্ছগ্রাম। |
| স্থলবন্দর | ঃ | ০১ টি (বুড়িমারী ) |

| | | |
|---|---|---|
| রেল ষ্টেশন | ঃ | ০৪ টি। |
| বাস ষ্টেশন | ঃ | ০২ টি ক) বুড়িমারী ( বুড়িমারী- ঢাকা)<br>খ) পাটগ্রাম (পাটগ্রাম- রংপুর) |
| নদ-নদী | ঃ | ধরলা, তিস্তা, সানিয়াজান, সিংগীমারী |
| অক্ষাংশ- দ্রাঘিমাংশ | ঃ | ২৬.১৩ ও ২৬.২৮ ডিগ্রি উত্তর<br>৮৮.৫০ ও ৮৮.১২ ডিগ্রি পূর্ব |
| সমুদ্র পৃষ্ঠ থেকে উচ্চতা | ঃ | +/- ৬ মিটার |
| মোট জনসংখ্যা | ঃ | ২,৪৫,৫১২ জন |
| উল্লেখযোগ্য ফসলাদী | ঃ | দানাদার, ডাল,তৈল, তামাক ও মসলা জাতীয় ফসল |
| মোট কৃষক পরিবার | ঃ | ৩৮০৫১ টি |
| খাদ্য পরিস্থিতি | ঃ | ২০১৩-২০১৪ অর্থ বছরে ৮৬৬২৭.০০ মেঃ টন |
| খানা / পরিবার | ঃ | ৪৬৮৯৩ জন |

**পাটগ্রাম উপজেলার ঐতিহ্য ঃ**

পাটগ্রাম উপজেলার ঐতিহ্য গুলো হলো বুড়িমারী স্থল বন্দর ,তিনবিঘা করিডোর,নুড়ি পাথর, শ্রী শ্রী পাটেরশ্বরী মন্দির, ভাওইয়া গান ইত্যাদি।

**পাটগ্রাম উপজেলার সংস্কৃতিঃ**

পাটগ্রাম উপজেলায় সংস্কৃতির প্রভাব যথেষ্ট রয়েছে। এখানে একটি পাবলিক অডোটরিয়ার ক্লাব রয়েছে,যেখানে অনেক ধরনের নাট্যনুষ্ঠান,জারী গান ,পল্লী গীতি,রবীন্দ্র সঙ্গীত,নজরুল গীতি ও ভাওইয়া গানের প্রচলন রয়েছে। সবচেয়ে বেশী প্রভাব আছে ভাওইয়া গানের । পাটগ্রাম উপজেলার জগৎবেড় ইউনিয়নে রংপুর বেতারের অনেক শিল্পী রয়েছে।

**মুক্তিযুদ্ধে পাটগ্রাম ঃ**

ব্রিটিশ আমলে পাটগ্রাম থানা ভারতের জলপাইগুড়ি জেলার একটি থানা ছিল ১৯৪৭ সালেদেশ বিভাগের পর, পাটগ্রাম থানা পূর্ব পাকিস্তানের রংপুরজেলার রংপুর সদর মহকুমার একটি থানা হিসেবে সয়যুক্ত হয়। পরবর্তীতে পাক-ভারত যুদ্ধেদেশ বিভাগের পর এই উপজেলা তথ্য পাটগ্রাম থানাটি পূর্ব-পাকিস্তানের একটি থানা হিসেবে অর্ন্তভূক্ত হয়। ১৯৭১ সালে মহার মুক্তিযুদ্ধে পাটগ্রাম থানার বুড়িমারী হাসর উদ্দিন উচ্চ বিদ্যালয়টি ০৬ নং সেক্টরের অধীনে ছিল। উক্ত থানাটি যুদ্ধকালীন সময়ে যুদ্ধমুক্ত অঞ্চল ছিল। এইহেডকোয়ার্টারে একটি ট্রানজিট ক্যাম্প ছিল। ট্রানজিটের মাধ্যমে বাংলাদেশের মানুষ ভারত যাতায়ত করতো। যুদ্ধকালীন সময়ে অল্প কিছু দিনসেখানে ধরলা নদীর পাশে একটি মাঠে মুক্তিযোদাধাদের প্রশিক্ষণেরও ব্যবস্থা ছিল।

## ৩. বিভিন্ন উৎস হতে উপজেলায় পরিচালিত উন্নয়ন কার্যক্রম

উন্নয়নের ফলাফলকে সর্বাধিক করতে এবং উপজেলা স্তরে সীমিত সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করতে উপজেলা পরিষদ উপজেলাস্থ ইউনিয়ন, পৌরসভা ও হস্তান্তরিত বিভাগসমূহের সাথে উত্তম সমন্বয় ও সহযোগিতা এমনভাবে নিশ্চিত করবে যেন বিভিন্ন প্রকল্প/পরিকল্পনার মধ্যে পরিপূরকতা ও সাযুজ্য (ঝুহবৎমু) তৈরি করা যায়। উপজেলা পরিষদের সরাসরি নিয়ন্ত্রণ রয়েছে উপজেলার ভেতর চলমান বা গৃহীতব্য অন্যান্য উন্নয়ন কার্যক্রমগুলো কি তা না বুঝে উপজেলা পরিষদ একটি সমন্বিত বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হবে না বা অন্যদিকে উপজেলার উন্নয়নে তার সীমিত সম্পদসমূহের দক্ষ ব্যবহারও নিশ্চিত করতে পারবে না। একারনে প্রতি বছর উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনা প্রণয়নকালে বিভিন্ন উৎস হতে উপজেলায় পরিচালিত উন্নয়ন কার্যক্রম হালনাগাদ করার মাধ্যমে উপজেলা পরিষদ সম্পদ ব্যবহারের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে পারবে এবং প্রধান প্রধান উন্নয়ন খাতগুলোতে চাহিদা ও সম্পদের মধ্যে যদি পার্থক্য থেকে থাকে তাও সনাক্ত করতে পারবে। এভাবে উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনায় কোন্ কোন্ খাতে বরাদ্দ প্রাধান্য পাবে সেটা নির্ধারণ করতে পারবে।

পাটগ্রাম  উপজেলা তার বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩ প্রণয়নকালে উপজেলায় ভৌগলিক সীমানার মধ্যে বিভিন্ন উৎস হতে পরিচালিত সম্ভাব্য সকল উন্নয়ন কার্যক্রম লিপিবদ্ধ করার চেষ্টা করেছে যেখানে বিগত বছরের ও আগামী বছরের সম্ভাব্য বিভিন্ন প্রকল্পের বিবরণ ও বরাদ্দের কথা উল্লেখ করেছে।

**ছক ৪: উপজেলায় বিভিন্ন উৎস হতে পরিচালিত উন্নয়ন কার্যক্রম**

| খাত | পরিকল্পনা/ প্রকল্পের নাম | অভিষ্ঠ গোষ্ঠি ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ | অভিষ্ঠ এলাকা/ ইউনিয়ন নাম | প্রকল্পের মেয়াদ | সম্ভ্যাব্য ববরাদ্দকৃত অর্থের পরিমান ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **জাতীয় পরিকল্পনা ও প্রকল্প** | | | | | |
| শিক্ষা | সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প পিইডিপি ৪ | ২০২২-২৩ অর্থবছরে মোট ০৯টি বিদ্যালয় ভবনের অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। তার মধ্যে ০৩টির কাজ শেষ হয়েছে। ০৬ টির কাজ চলমান আছে। ১০টি বিদ্যালয় ভবন মেরামতের কাজ চলমান আছে। এই প্রকল্পের আওতায় ১৯টি বিদ্যালয়ে শিক্ষার উপযুক্ত পরিবেশ নিশ্চিত হয়েছে। ৪৮০০ ছাত্রছাত্রী উপকৃত হয়েছে। | পাটগ্রাম উপজেলা | | |
| শিক্ষা | উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত কার্যক্রম | ২০২২-২৩ অর্থবছরে এডিপি'এর অর্থায়নে ৪৫ টি প্রকল্প গৃহীত হয়েছে এবং শতভাগ বাস্তবায়িত হয়েছে | পাটগ্রাম উপজেলা | | |
| শিক্ষা | চাহিদা ভিত্তিক নুতন জাতীয়করনকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প - ১ | ০২টি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ চলমান আছে। | পাটগ্রাম উপজেলা | | |
| অবকাঠামো উন্নয়ন | পল্লী সড়ক ও ব্রীজ/কালর্ভাট মেরামত | এই প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরে ০৭টি রাস্তার মেরামতের কাজ শেষ হয়েছে। ০৮টি রাস্তা মেরামতের টেন্ডার প্রক্রিয়া শেষ হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে ২৫,০০০ জনগনের যাতায়ত ব্যবস্থার উন্নয়ন হয়েছে এবং ১১১ জন লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। | পাটগ্রাম উপজেলা ০৮টি ইউনিয়ন | | |
| অবকাঠামো উন্নয়ন | ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স মেরামত প্রকল্প | ২০২২-২৩ অর্থবছরে ০১টি ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের কাজ চলমান আছে। | পাটগ্রাম উপজেলা ০১টি ইউনিয়ন | | |
| অবকাঠামো উন্নয়ন | অগ্রাধিকার ভিত্তিক গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প ৩ | ২০২২-২৩ অর্থবছরে এই প্রকল্পের আওতায় ৪টি রাস্তার ৫কিমি কারপেটিং কাজ চলমান আছে এবং ১৫০০০ জনগন উপকৃত হবে। | পাটগ্রাম উপজেলা ০১টি ইউনিয়ন | | |
| অবকাঠামো উন্নয়ন | রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্প | এই প্রকল্পের আওতায় পাটগ্রাম উপজেলায় বর্তমানে ০৬টি রাস্তা নির্মাণের কাজ শেষ হয়েছে এবং ০১টি | পাটগ্রাম উপজেলা ০১টি ইউনিয়ন | | |

| খাত | পরিকল্পনা/ প্রকল্পের নাম | অভিষ্ঠ গোষ্ঠি ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ | অভিষ্ঠ এলাকা/ ইউনিয়ন নাম | প্রকল্পের মেয়াদ | সম্ভ্যাব্য ববরাদ্দকৃত অর্থের পরিমান ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | | রাস্তার কাজ চলমান আছে। এই প্রকল্পের মাধ্যমে ১৫০০০০ জনগন উপকৃত হচ্ছে। | | | |
| অবকাঠামো উন্নয়ন | প্রভাতী প্রকল্প | ২০২২-২৩ অর্থবছরে এই প্রকল্পের আওতায় ০৮টি রাস্তার কাজ শেষ হয়েছে.০১টি রাস্তার কাজ চলমান আছে। ২টি হাটবাজার উন্নয়নের কাজ মহিলা কর্মী দ্বারা চলমান আছে। ০৩টি হাট উন্নয়নের অনুমোদন পাওয়া গেছে। ০২টি হাট উন্নয়নের কাজ প্রক্রিয়াধীন । | পাটগ্রাম উপজেলা ০৮টি ইউনিয়ন | | |
| অবকাঠামো উন্নয়ন | ক্ষুদ্র পানি সম্পদ প্রকল্প | ২০২২-২৩ অর্থবছরে এই প্রকল্পের আওতায় ০১টি নদী খননের কাজ এলসিএস দ্বারা বাস্তবায়নের কাজ চলমান আছে। ০৬টি ভেন্ট, ০১টি রেগুলেটর, ০১টি কার্লভাট নির্মাণের কাজ চলমান আছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ৭০০০০ জন উপকৃত হবে এবং ২২৫ জন দরিদ্র লোকের কর্মসংস্থান হবে। | ০৮টি ইউনিয়ন | | |
| অবকাঠামো উন্নয়ন | ছিটমহল উন্নয়ন প্রকল্প | ২০২২-২৩ অর্থবছরে এই প্রকল্পের আওতায় ৫টি সড়কের ১৭কিমি রাস্তা ও ০৩টি মসজিদের নির্মাণ কাজ ঠিকাদার দ্বারা বাস্তবায়িত হয়েছে। ৯০০০ ছিটমহল্বাসি উপকৃত হচ্ছে। | | | |
| জনস্বাস্থ্য | PEDP 4 | ১৬টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। | | | |
| জনস্বাস্থ্য | সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্প | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ২০৮০টি পরিবার নিরাপদ পানি পাবে। ফলে বিভিন্ন রকমের পানিবাহিত রোগ থেকে মুক্তি পাবে। | উপজেলার ০৮টি ইউনিয়ন | জানুয়ারি ২০২০ থেকে জুন ২০২৫ | |
| মহিলা বিষয়ক | ভিজিডি চক্র | অত্র উপজেলার ২০২২-২৩ অর্থবছরে ৩২৩০ জন দুঃস্থ, অসহায়, হত দরিদ্র, স্বামী পরিত্যাক্তা এবং বিধবা মহিলাদেরকে প্রতি মাসে মাথা পিছু ৩০ কেজি হারে খাদ্যশষ্য (চাল) বিতরণ করা হয় এবং ভিজিডি উপকারভোগীদেরকে অত্র দপ্তরের চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক আইজিএ প্রশিক্ষণ প্রদানসহ প্যাকেজ সেবা প্রদান করা হয়। | সকল ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| মহিলা বিষয়ক | দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি | অত্র উপজেলার ২০২২-২৩ অর্থবছরে ৪৯৬ জন দুঃস্থ, অসহায়, হত দরিদ্র, গর্ভবতী মহিলাদেরকে প্রতি মাসে মাসিক ৮০০/- টাকা হিসেবে ভাতা প্রদান করা হয় এবং উপকারভোগীদেরকে অত্র দপ্তরের চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়। | সকল ইউনিয়ন | ২০২১-২২ হতে ২০২৩-২৪ | |
| মহিলা বিষয়ক | উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প | এই প্রকল্পের আওতায় প্রতি ০৩ মাস পরপর ০২টি ট্রেডে সেলাই ও ব্লক বাটিক ২৫ জন করে মোট ৫০ জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে যাতায়ত ভাতা বাবদ ১০০ টাকা প্রদান করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে ২০০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়। | সকল ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| তথ্য আপা | গ্রামীণ মহিলাদের বিনামূল্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, আইন, জেন্ডার ও ব্যবসার পরামর্শ প্রদান ও সমস্যার সমাধান | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ধীন তথ্যআপা প্রকল্পের মাধ্যমে গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্যপ্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন। ২০২২-২৩ অর্থবছরে ৪০০ জন মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন সমস্যার সমাধান এবং পরামর্শ প্রদান করা | পাটগ্রাম উপজেলা | চলমান কর্মসূচি | |

| খাত | পরিকল্পনা/ প্রকল্পের নাম | অভিষ্ঠ গোষ্ঠি ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ | অভিষ্ঠ এলাকা/ ইউনিয়ন নাম | প্রকল্পের মেয়াদ | সম্ভ্যাব্য ববরাদ্দকৃত অর্থের পরিমান ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | | হয়েছে। এছাড়া বিনামূল্যে গ্রামীণ মহিলাদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। | | | |
| পল্লী উন্নয়ন | উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি উদকনিক-২য় পর্যায় | এই কর্মসূচির আওতায় কৃষক সমবায় সমিতির সমবায়ীদের দলীয়ভাবে ক্ষুদ্র কৃষি ঋণ সহায়তা প্রদান করা হয়। সদস্যগণ ৬% সেবামূল্যে ১ বছরে ৪৮-৫০ কিস্তির মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ করেন। শুধুমাত্র ৬০ দিন ব্যাপী (সেলাই, এমব্রয়ডারি, শতরঞ্জি, ব্লক বাটিক ও মোবাইল সার্ভিসিং) প্রশিক্ষণপ্রাপ্তরাই ঋণ সহায়তা পাবে। | উপজেলার ০৮টি ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| পল্লী উন্নয়ন | পিআরডিপি-৩ | গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে ক্ষুদ্র অথচ গ্রামবাসির জন্য অতি প্রয়োজনীয় ভৌত অবকাঠামো ভিডিসি স্কিম হিসাবে রাস্তা, কালভার্ট, স্কাল মেরামত, ড্রেনেজ, টিউবয়েল, স্যানিটারী ল্যাট্রিন ইত্যাদি স্কিমসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। টাকার মধ্যে প্রকল্প সহায়তা ৭০% গ্রামবাসীর অংশ ২০%এবং ইউপির অংশ ১০%। | উপজেলার ০৮টি ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| পল্লী উন্নয়ন | আবর্তক (কৃষি) কর্মসূচি | এই কর্মসূচির আওতায় কৃষক সমবায় সমিতির সমবায়ীদের দলীয়ভাবে ক্ষুদ্র কৃষি ঋণ সহায়তা প্রদান করা হয়। তারা ১১% সেবামূল্যে ১ বছরে মাসিক ১২ কিস্তির মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ করেন। | উপজেলার ০৮টি ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| পল্লী উন্নয়ন | সদাবিক প্রকল্প | এই প্রকল্পের র আওতায় অনানুষ্ঠানিক দলে দলীয় ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান করা হয়। সদস্যগণ ১১% সেবামূল্যে ১ বছরে ৪৮-৫০ কিস্তির মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ করেন। | উপজেলার ০৮টি ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| পল্লী উন্নয়ন | পল্লী প্রগতি কর্মসূচি | এই প্রকল্পের র আওতায় অনানুষ্ঠানিক দলে দলীয় ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান করা হয়। সদস্যগণ ১১% সেবামূল্যে ১ বছরে ৪৮-৫০ কিস্তির মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ করেন। | উপজেলার ০৮টি ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| পল্লী উন্নয়ন | অপ্রধান শস্য বাজারজাতকরণ কর্মসূচি | এই প্রকল্পের র আওতায় অনানুষ্ঠানিক দলে/এককভাবে ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান করা হয়। অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণের সাথে সংশ্লিষ্টরাই এ কর্মসূচির আওতাভুক্ত হতে পারবেন। তারা ৪% সেবামূল্যে ১ বছরে ২৪ কিস্তির মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ করেন। | উপজেলার ০৮টি ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| পল্লী উন্নয়ন | গুচ্ছগ্রাম প্রকল্প | এই প্রকল্পের র মাধ্যমে অনানুষ্ঠানিক দলীয় ক্ষুদ্রঋণ সহায়তা প্রদান করা হয়। সদস্যগন ৮.৫% সেবামূল্যে ১ বছরে ৪৮-৫০ কিস্তির মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ করেন । | উপজেলার ০৮টি ইউনিয়ন | চলমান কর্মসূচী | |
| মৎস্য | ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) | ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর উপজেলায় মৎস্য চাষিদের প্রশিক্ষণ প্রদান করা হয় | | ২০১৬-১৭ হতে ২০২১-২২ | |

| খাত | পরিকল্পনা/<br>প্রকল্পের নাম | অভিষ্ঠ গোষ্ঠি ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ | অভিষ্ঠ এলাকা/<br>ইউনিয়ন নাম | প্রকল্পের মেয়াদ | সম্ভ্যাব্য ববরাদ্দকৃত অর্থের পরিমান ২০২১-২২ |
| --- | --- | --- | --- | --- | --- |
| মৎস্য | জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প | উপজেলার স্থানীয় মৎস্য চাষী, মৎস্য জীবি, মৎস্য ব্যবসায়ী ও স্থানীয় মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও প্রদর্শনীর মাধ্যমে মাছের উৎপাদন বিকল্প আয়-বর্ধক কর্মসংস্থানের সৃষ্ঠি হবে। | | | |
| মৎস্য | রাজস্ব খাতের প্রশিক্ষণ ও প্রদর্শনী স্থাপন | রাজস্ব খাতের প্রশিক্ষণ ও প্রদর্শনী স্থাপনের আওতায় উপজেলার মৎস্য চাষিদের প্রশিক্ষণ প্রদান ও প্রদর্শনীর আয়োজন করা হয়। | | | |

## ৪. পরিস্থিতি বিশ্লেষণ

পরিস্থিতি বিশ্লেষণ  হচ্ছে উপজেলার 'বাস্তব অবস্থার একটি চিত্রায়ন'। পরিস্থিতি বিশ্লেষণের ক্ষেত্রে তথ্য সংগ্রহ, বিশ্লেষন ও সন্নিবেশন এমনভাবে করতে হবে যাতে সম্ভাব্য সকল সম্পদ ব্যবহার করে কৌশলগত উদ্দেশ্য অর্জনের সিদ্ধান্ত গ্রহণে তা সহায়তা করে। । পরিস্থিতি বলতে উপজেলায় বসবাসরত মানুষের জীবন ও জীবিকাকে প্রভাবিত করে এমন অভ্যন্তরীণ ও বাহ্যিক কারণগুলোর সম্মিলিত বিশ্লেষণকে বোঝায়।তথ্য ও উপাত্ত বিশদভাবে বিশ্লেষণের ক্ষেত্রে উপজেলার মুখ্য উন্নয়ন সম্ভাব্যনা, সুযোগ, সীমাবদ্ধতা, চ্যালেঞ্জের পাশাপাশি প্রধান উন্নয়ন অগ্রাধিকারগুলির শনাক্তকরণও জরুরী। অতীতের অভিজ্ঞতা থেকে প্রাপ্ত শিক্ষাগুলোও গুরুত্বপূর্ণ (যেমন, আগের বার্ষিক পরিকল্পনা থেকে লব্ধ শিক্ষা)। কোন্ লক্ষ্য অর্জিত হয়েছে এবং কোন্ লক্ষ্য অর্জন করা যায়নি এবং কেন- সেটা জানতে হবে। কোন্ উন্নয়ন উদ্যোগ কাজ করেছে এবং কোন্ উদ্যোগ কাজ করেনি? কোন্ পন্থা গতিশীল করা প্রয়োজন বা কোন পন্থা বাতিল করা প্রয়োজন? মোদ্দা কথা হলো, বর্তমান করা পরিকল্পনার জন্য অতীতের উন্নয়ন কার্যক্রম থেকে উপজেলা শিক্ষা গ্রহণ করবে।

পাটগ্রাম উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণে প্রতিটি খাতের জনকেন্দ্রিক সমস্যা চিহ্নিত করে তার অবস্থান, পরিমান, কারণ, সমস্যা সমাধানে চলমান কার্যাবলীকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং চলমান কার্যাবলি শেষে ১ বছর পর আর কতটুকু সমস্যা থাকবে তা চিহ্নিত করে উপজেলা পরিষদের সক্ষমতা অনুযায়ী কার্যক্রম গ্রহণে সুপারিশ করা হয়েছে। উপজেলা পরিষদ তার সক্ষমতা অনুযায়ী সুপারিশ থেকে কার্যক্রম গ্রহণ করেছে। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি ও টিজিপি পরিস্থিতি বিশ্লেষণের উপজেলা পরিষদকে সহযোগিতা করেছে।

**ছক ৩০ঃ উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন**

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মুল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
| **স্বাস্থ্য** | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের মান সম্মত স্বাস্থ্য সেবা গ্রহণে সমস্যার সম্মুখীন হচ্ছেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাটগ্রাম লালমনিরহাট। | ২০,০০০ জন রোগী | ১। হাসপাতালের Auto analyzer machine নষ্ট হওয়াতে স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীরা বিশেষ কিছু রক্ত পরীক্ষা করা হতে বঞ্চিত হচ্ছে।<br>২। পৌরসভা কর্তৃক ড্রেনেজ ব্যবস্থা পরিপূর্ণ না করাতে  হাসপাতাল চত্বরে জলাবদ্ধতা বিরাজ করছে।<br>৩। ভোল্টেজ স্টেবিলিজেশনের অভাবে হাসপাতালের আল্ট্রাসনোগ্রাফী কক্ষের শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র নষ্ট হয়েছে।<br>৪। সান্ধ্যকালীন সময়ে পর্যাপ্ত আলোর ব্যবস্থা নেই।<br>৫। বিদ্যুতের অভাবে হাসপাতালের ভ্যাকসিনসহ অন্যান্য মালামাল নষ্ট হয়ে যাচ্ছে।<br>৬। হাসপাতালে বর্জ্য ব্যবস্থাপনার কোন সুযোগ না থাকায় পরিবেশ দূষিত হচ্ছে। | কার্যক্রম নাই। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত ২০,০০০ জন রোগী স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হবে। | ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের প্যাথলজিক্যাল পরীক্ষা-নিরীক্ষার জন্য একটি এ্যানালাইজার মেশিন প্রদান করা যেতে পারে।<br>২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জলাতংক ও জরায়ু রোগের ভ্যাক্সিন সরবরাহ করা যেতে পারে<br>৩। আলোক স্বল্পতা নিরসনে পর্যাপ্ত সোলার লাইট স্থাপন করা যেতে পারে।<br>৪। স্বাস্থ্য কমপ্লেক্সে একটি জেনারেটর প্রদান করা যেতে পারে।<br>৫। বর্জ্য ব্যবস্থাপনার জন্য একটি ইনসিনেটরের ব্যবস্থা করা যেতে পারে। |

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মূল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
| | | | | | | | |
| **পরিবার পরিকল্পনা** | উপজেলার গর্ভবতী মা ও নবজাতকসমূহ মৃত্যুর ঝুঁকির মধ্যে আছে | উপজেলাধীন ০৮টি ইউনিয়নের ৭২টি ওয়ার্ড এবং ১টি পৌরসভা | পাটগ্রাম উপজেলার ৪৮,৬৪০ জন সক্ষম দম্পতি | ১। বাড়িতে অস্বাস্থ্যকর পরিবেশে প্রশিক্ষণবিহীন দাই নার্স দ্বারা প্রসব করনো।<br>২। গর্ভবতী মায়েরা প্রাতিষ্ঠানিক ডেলিভারির সুফল সম্পর্কে অবগত নন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন ইউনিয়ন পর্যায়ের ০৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ০১টি উপ স্বাস্থ্যকেন্দ্র, দহগ্রাম ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ক্লিনিক ও সদর হাসপাতালে কর্মরত ৩৩ জন কর্মীর দ্বারা গর্ভবতীসহ পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করছে। | আনুমানিক ১০,৪৮৮ জন গর্ভবতী মা | ১। প্রাতিষ্ঠানিক ডেলিভারির সুবিধা এবং গর্ভবতীর জটিলতা বিষয়ে আগামী বছরে সচেতনতামূলক ক্যাম্পেইন, পরিবার সমাবেশ, উঠান বৈঠক প্রভৃতির মাধ্যমে গর্ভবতী মা ও তার পরিবারকে প্রাতিষ্ঠানিক নরমাল ডেলিভারির সুবিধা সম্পর্কে অবহিত করা যেতে পারে।<br>২। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রেগুলোতে মানসম্মত সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান ও অবকাঠামো উন্নয়ন করা যেতে পারে।<br>২। সেবা কেন্দ্রগুলোতে ২৪/৭ সেবা প্রদান করা যেতে পারে। |
| **পরিবার পরিকল্পনা** | উপজেলার দরিদ্র ও প্রত্যন্ত এলাকায় বসবাসরত পরিবারসমূহ মারাত্বক স্বাস্থ্য ঝুঁকির মধ্যে আছে। | উপজেলাধীন ০৮টি ইউনিয়নের ৭২টি ওয়ার্ড এবং ১টি পৌরসভা | ও প্রত্যন্ত এলাকায় বসবাসরত পরিবারসমূহ | ১। মাঠ পর্যায়ে স্বাস্থ্য শিক্ষার ব্যাপারে ধারনা না থাকায় জনগনের মাঝে মা-শিশুস্বাস্থ্য সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান নেই।<br>২। ধর্মীয় কুসংস্কারের কারনে মা শিশু স্বাস্থ্য বিষয়ে পর্যাপ্ত জ্ঞান পান না। | ৪৩২ টি স্যাটেলাইট ক্লিনিক | প্রত্যন্ত এলাকায় বসবাসরত সকল দরিদ্র জনগন | ১। প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, সরঞ্জামাদি, ঔষধ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে।<br>২। বিভিন্ন সচেতনতামূলক ক্যাম্পেইন, পরিবার সমাবেশ, উঠান বৈঠক, প্রভৃতির মাধ্যমে গর্ভবতী মা ও তার পরিবারকে মা ও শিশু স্বাস্থ্য সম্পর্কে পর্যাপ্ত |

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মূল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
| | | | | | | | জ্ঞান প্রদান করা যেতে পারে। |
| **জনস্বাস্থ্য** | উপজেলারদরিদ্র পরিবার সমূহ, শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা নিরাপদ পানি, উন্নত স্যানিটেশন, ও বর্জ্য ব্যবস্থাপনার অভাবে বিভিন্ন ধরনের স্বাস্থ্য ঝুঁকির মধ্যে আছে। | উপজেলার সকল ইউনিয়ন | অত্র উপজেলার অধিকাংশ পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উন্নত স্যানিটেশন ও বর্জ্য ব্যবস্থাপনার অভাবে আছে। | ১। আর্থিক সংকট ও সচেতনতার কারনে দরিদ্র পরিবারসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিরাপদ পানি ও উন্নত স্যানিটেশনের অভাব আছে।<br>২। স্যানিটেশন খাতে পর্যাপ্ত বরাদ্দ না থাকা। | ১। সমগ্র দেশে নিরাপদ পানি সবরাহ প্রকল্পের আওতায় ৪১৬ টি অগভীর নলকূপ স্থাপনের কাজ চলমান আছে।সামনে ২০২১-২২ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ সরবরাহ প্রকল্পের আওতায় আরো ২০৮টি অগভীর নলকূপ স্থাপনের বরাদ্দ আসতে পারে।<br>৩। জিপিএস/ পিইডিপি ৪ প্রকল্পের আওতায় ১৮টি ওয়াশ ব্লক নির্মাণের কাজ চলমান আছে। | অত্র উপজেলার অধিকাংশ পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ SDG অনুযায়ী safely manage water supply ও উন্নত স্যানিটেসন ও বর্জ্য ব্যবস্থাপনা থেকে দূরে থাকবে। | ১। নলকুপবিহীন ২০০ পরিবারের মাঝে নলকূপ প্রদান করা যেতে পারে।<br>২। উঠান বৈঠকের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে।<br>৩।হাট-বাজার ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে কমিউনিটি টয়লেট স্থাপন করা যেতে পারে। |
| **প্রাথমিক শিক্ষা** | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিদ্যালয়ে মানসম্মত আধুনিক ও আনন্দদায়ক পরিবেশে শিক্ষা গ্রহণ ব্যহত হচ্ছে। | অত্র উপজেলার ১৪৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। | ৩৩,৩৪৭ জন শিক্ষার্থী | ১। কোভিড পরিস্থিতিতে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার কম।<br>২। শিক্ষার্থী অন্যের বাড়িতে/ অন্য পেশায় কাজ করে।<br>৩। প্রধান শিক্ষকের পদ খালি<br>৪। পদ পদবি নিয়ে মামলা<br>৫। শিক্ষকদের মুখোমুখি ক্লাস্টারভিত্তিক উপযুক্ত প্রশিক্ষণের অভাব।<br>৬। শিক্ষকগণের আন্তরিকতার অভাব।<br>৭। আইসিটি তে পারদর্শী শিক্ষকের অভাব<br>৮। কর্মমুখী শিক্ষার অভাব। | ১। স্লিপ এর মাধ্যমে পাঠদান উন্নয়নে ১৪৫টি বিদ্যালয়ের প্রতিটিতে ৫০-৭০ হাজার টাকা।<br><br>২। ২০২০-২০২১ অর্থ বছরে ০৭টি বিদ্যালয় ভবন নির্মাণের কাজ চলমান আছে, ২৪ টি বিদ্যালয় ভবন নির্মাণের চাহিদা প্রেরন করা হয়েছে। | ৩৩,৩৪৭ জন শিক্ষার্থী জন শিক্ষার্থীর মানসম্মত আধুনিক ও আনন্দদায়ক পরিবেশে শিক্ষা গ্রহণ ব্যহত হতে পারে। | ১। প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের সমন্বয়ে ত্রৈমাসিক সভা করে চেইন অফ কমান্ড ঠিক রেখে আন্তরিকভাবে পাঠদানের উন্নয়ন করা যেতে পারে।<br><br>২। ত্রৈমাসিক মা সমাবেশ ও অভিভাবক সমাবেশ করে অভিভাবকগণের মাঝে সচেতনতা সৃষ্টি করা যেতে পারে। |

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মূল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
| | | | | ৯। বেসরকারি বিদ্যালয় ও কেজি স্কুল<br>১০। প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষক সমিতির কার্যক্রম চেইন অফ কমান্ড ভেঙে পড়া।<br>১১। প্রাথমিক বিদ্যালয়সমূহে জরাজীর্ণ অবস্থা ও পর্যাপ্ত পরিমানে শ্রেনীকক্ষ আসবাবপত্র, স্বাস্থ্যসম্মত টয়লেট, খেলাধুলার সরঞ্জামাদি ও শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরনের অভাব। | ৩। ২০২০-২১ অর্থবছরে পিইডিপি ৪ এর আওতায় ছোট মেরামতের জন্য বিদ্যালয় প্রতি ২ লক্ষ টাকা করে ৩৩টি বিদ্যালয়ের চাহিদা প্রেরন করা হয়েছে।<br>৪। ২০২০-২১ অর্থবছরে পিইডিপি ৪ এর আওতায় বড় মেরামতের জন্য বিদ্যালয় প্রতি ৭ লক্ষ টাকা করে ২৪ টি বিদ্যালয়ের চাহিদা প্রেরন করা হয়েছে।<br><br>৫। ২০২০-২০২১ অর্থ বছরে পিইডিপি-৪ এর আওতায় =৪০,০০০/= টাকা করে ১০৬ টি বিদ্যালয়ের রুটিন মেইনটেনেন্স মেরামত করা হয়েছে।<br>৬। ২০২০-২১ অর্থবছরে ১১টি বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণের কাজ চলমান আছে।<br>৭। ২০২০-২১ অর্থবছরে ১০,০০০/- টাকা করে ৩৮টি | | ৩। প্রধান শিক্ষকের শূন্যপদে জরুরীভাবে শিক্ষক নিয়োগের সুপারিশ করা যেতে পারে। এছাড়া দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের স্পেশাল প্রশাসনিক ও একাডেমিক শিক্ষা বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।<br>৪। গরীব ও অন্যের বাড়িতে কাজ করে অথবা অন্য কোন প্রতিষ্ঠানে কাজ করে তাদের পরিবারকে আর্থিক সুবিধাভোগীর তালিকাভুক্তি করা সহ আর্থিক সহযোগিতা করা যেতে পারে।<br>৫। প্রাক প্রাথমিকের শ্রেণীকক্ষ সজ্জিত করা যেতে পারে।<br>৬। ১৪৫টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের ই ম্যানেজমেন্ট এর বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।<br>৭। নবজাতীয়করণকৃত বিদ্যালয়সমূহে ২০০ জোড়া বেঞ্চ প্রদান করা যেতে পারে<br>৮। ১৭৭১০ জন শিক্ষার্থীকে শিক্ষা উপকরণ প্রদান করা যেতে পারে।<br>৯। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট |

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মূল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
| | | | | | বিদ্যালয়ের ৭২টি ওয়াশ ব্লকের রুটিন মেন্টিনেন্স এরকাজ করা হয়েছে। | | ফাইনালে অংশগ্রহণকারী টীমের প্রশিক্ষণের জন্য ৫ লক্ষ টাকার থোক বরাদ্দ রাখা যেতে পারে।<br>১০। ১৪৫টি সপ্রাবি ছাত্রছাত্রীদের মাঝে খেলাধুলার সামগ্রী বিতরণ করা যেতে পারে<br>১১। উপজেলা পর্যায়ে প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তক সংরক্ষনের জন্য গোডাউন নির্মাণ করা যেতে পারে।<br>১২। বিদ্যালয়ের লাইব্রেরির জন্য পাঠ্যপুস্তক প্রদান করা যেতে পারে।<br>১৩। মেধাবী শিক্ষার্থী বাছাই ও পুরস্কার প্রদান করা যেতে পারে।<br>১৪। শিক্ষকগণের আইসিটি প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।<br>১৫। শিক্ষার্থীদের কর্মমুখী শিক্ষা দানের নিমিত্তে শিক্ষার্থীদের আর্থিক সহযোগিতা করা যেতে পারে। |
| যোগাযোগ | জনগণ উপজেলার বিভিন্ন পরিষেবাগুলোতে গমনের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। | উপজেলার সকল ইউনিয়ন | উপজেলাতে মোট ৬টি রাস্তার ৪৭.৬২ কিঃমিঃ পাকা। ইউনিয়ন সড়ক ২৩টির মধ্যে ১০৬.৭০ রাস্তার মধ্যে ৭৮.৯০ কিমি | ১। ইউনিয়ন সড়ক, গ্রামীণ সড়ক এ ও বি এর মধ্যে ৩৮৭.১০ কিমি সড়ক কাঁচা রয়েছে।<br>২। উপজেলার গুরুত্বপূর্ণ ইউনিয়ন ও গ্রামীণ সড়কের পাশে পানি নিষ্কাশনের ড্রেন ও কার্লভাট না থাকায় সড়কে জলাবদ্ধতা তৈরী হচ্ছে এবং গাইড | ১। উপজেলা পরিষদের অর্থায়নে অত্র উপজেলার ৫০ টি বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ চলমান আছে।<br>২। ১০টি বিদ্যালয়ের সীমানা প্রাচীর ও | ইউনিয়ন সড়ক, গ্রামীণ সড়ক এ ও বি, সহ মোট ৩৮৭.১০ কিমি সড়ক কাঁচা থেকে যাবে এবং জনগনের চলাচলের অসুবিধা হবে। | ১। প্রধান সড়কের সাথে বিভিন্ন পরিসেবা সংযোগকারি ২.৫ কিমি সড়ক পাকা করা যেতে পাড়ে।<br>২। ৩০টি কার্লভাট/ইউড্রেন নির্মাণ করা যেতে পারে |

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মূল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
| | | | সড়ক পাকা, গ্রামীণ সড়ক এ টাইপ মোট ৯২টি রাস্তার মধ্যে ২৭৮.৫০ কিমি এর মধ্যে ১০৭.০০ কিমি পাকা রাস্তা রয়েছে। গ্রামীণ সড়ক বি টাইপ এর মধ্যে ১৪৩ টি রাস্তার মধ্যে ২৭৮.৫০০ কিমি এর মধ্যে ১০৭.০০কিমি সড়ক পাকা মোট পাকা রাস্তা ৩১৩.৯২০ কিমি এবং কাঁচা রাস্তা ৩৮৭.১০ কিমি। | ওয়াল না থাকায় সড়ক ভেঙে সড়কের স্থায়িত্ব কমে যাচ্ছে। | ২৫টি বিদ্যালয় মেরামতের কাজ চলমান আছে। তাছাড়া ২৫টি বিদ্যালয়ের সংযোগ সড়ক ৪.০০ কিমি পাকা করা হচ্ছে।<br>৩। অগ্রাধিকার ভিত্তিক গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ কিমি ইউনিয়ন ও গ্রামীণ সড়ক নির্মাণ করা হচ্ছে।<br>৪। রংপুর বিভাগ প্রকল্পের আওতায় ২৫কিমি ইউনিয়ন ও গ্রামীণ সড়ক নির্মাণ করা হবে।<br>৫। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত<br>৬। পল্লী সড়ক মেরামত কর্মসূচির আওতায় ৪০ কিমি রাস্তা মেরামত করা হবে।<br>৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৮টি ইউনিয়নের বিভিন্ন রাস্তা, ধর্মীয় প্রতিষ্ঠান, হাট বাজার বিভিন্ন সড়কের | | ৩। গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫ কিমি সড়ক নির্মাণ করা যেতে পারে।<br>৪। রংপুর বিভাগ প্রকল্পের আওতায় ২৫কিমি ইউনিয়ন ও গ্রামীণ সড়ক নির্মাণ করা যেতে পারে।<br>৫। ইউনিয়ন পরিষদ ভবন মেরামত করা যেতে পারে। |

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মুল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
| | | | | | মোড়ে সোলার বাতি স্থাপন করা হবে। | | |
| **মৎস্য** | অত্র উপজেলায় বেশিরভাগ মৎস্যচাসি আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন এবং অধিকাংশ চাষী গতানুগতিক পদ্ধতিতে মাছ চাষ করে আসছে ফলে উৎপাদন কার্যক্রম ব্যাহত হচ্ছে। | উপজেলার সকল ইউনিয়ন। | ৪,১১০ জন মৎস্যচাষি | ১। মৎস্যচাসিদের পুকুরে বিভিন্ন সমস্যা হচ্ছে এবং তা পরীক্ষা করার মত কীট উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে নেই।<br>২। প্রশিক্ষণ না থাকায় অধিকাংশ চাষী গতানুগতিক পদ্ধতিতে মাছ চাষ করে আসছে ফলে উৎপাদন কার্যক্রম ব্যাহত হচ্ছে।<br>৩। উপজেলাতে যথেষ্ট পরিমানে মৎস্য চাষের প্রদর্শনীর আয়োজন করা সম্ভব করা যাচ্ছে না। | ১। চাষিদের পুকুরের পানি পরীক্ষা ও পরামর্শ প্রদান ।<br>২। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রকল্পের আওতায় বছরে মাত্র ০১টি প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। | ৪,১১০ জন মৎস্যচাষি ও মাছের উৎপাদন ক্ষতিগ্রস্ত হবে। | ১। দুটি ব্যাচে ৪০০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।<br>২। ০৭টি উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা যেতে পারে<br>৩। পুকুরের মাটি ও পানি পরীক্ষার জন্য ০১টি কীট ক্রয় করা যেতে পারে<br>. |
| **মহিলা বিষয়ক** | উপজেলার হত-দরিদ্র, বিধবা, প্রতিবন্ধী, তালাক প্রাপ্তা/স্বামী পরিত্যাক্তা নারীদের কর্মসংস্থানের অভাব রয়েছে। | উপজেলার সকল ইউনিয়ন | আনুমানিক ৪,৫০০ জন নারী। | ১। প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও শিক্ষার অভাব।<br>২। দারিদ্রতার কারনে নারীরা বে-সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নিতে পারেন না।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অবকাঠামো সমস্যার কারনে সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি বিঘ্নিত হচ্ছে। | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় কর্তৃক পরিচালিত "উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প" এর মাধ্যমে প্রতি বছর ২০০ জন মহিলাকে দর্জি বিজ্ঞান ও বিউটিফিকেশন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ৪০০০ জন নারীর কর্মসংস্থানের সুযোগ হতে বঞ্চিত হবেন। | ১। নারীর ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে ৫০ জন নারী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে।<br>২। ৪০ জন নারীর আত্মকর্মসংস্থানের লক্ষ্যে সেলাই মেশিন প্রদান করা যেতে পারে।<br>৩। কিশোর-কশোরী ক্লাবের জন্য প্রয়োজনীয় উপকরন প্রদান করা যেতে পারে।<br>৪। আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আইজিএ প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য বিভিন্ন উপকরন প্রদান করা যেতে পারে। |
| **পল্লী উন্নয়ন** | উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয় হতে ঋণ গ্রহীতারা ঋণ পরিশোধে | উপজেলার ০৮টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা | ৪৫১৮ জন | ১। প্রশিক্ষণ না থাকায় গৃহীত ঋণের অর্থ সঠিক খাতে বিনিয়োগ করতে পারছে না। | উদকনিক প্রকল্পে দর্জি বিদ্যা, এমব্রয়ডারি, শতরঞ্জি, বাটিক | ৪৫১৮ জন ঋণগ্রহীতা ঋণের বোঝায় জর্জরিত হয়ে তাদের | ১। বিয়ারডিবির আওতাধীন সকল প্রকল্পের ঋণ গ্রহীতাদের (পদাবিক, সদাবিক, পল্লী প্রগতি, |

| খাত | সমস্যা ও উন্নয়ন প্রতিবন্ধকতার বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | আর কোন পদক্ষেপ না নেয়া হলে ১ বছর পর পরিস্থিতির বিবরণ | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে/বার্ষিক পরিকল্পনায় সুপারিশকৃত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|
| | মুল সমস্যাসমূহ | অবস্থান | পরিমাণ/ বিস্তৃতি | কারণসমূহ | | | |
